

জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

ফ্লটিং ডক নির্মাণের পন্টুন ক্রয়ের জন্য টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় বরগুনা জেলায় অক্সফাম বাংলাদেশ এর কারিগরি সহযোগিতায় জাগোনারী বাস্তবায়িত Cyclone Anticipatory Action Planning and Response in Barguna শীর্ষক প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের জন্য ফ্লটিং ডক নির্মাণের পন্টুন ক্রয়ের জন্য আগ্রহী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক. সাধারণ তথ্যাবলী:

টেন্ডার রেফারেন্স	:	জানা/বর/সিএএপি-ওটিএম/ফেব্রুয়ারি ২০২৬ (০১)
দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	:	১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.
দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ	:	০৩ মার্চ ২০২৬ খ্রি.
দরপত্র খোলার তারিখ ও সময়	:	০৪ মার্চ ২০২৬ খ্রি., সময় সকাল ১১.০০টা। (দরপত্র উন্মুক্তকরণের সময় সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
যেভাবে দরপত্র বিজ্ঞপ্তি টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন	:	বিডিজবস-এ দেওয়া লিংকে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে। এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড বরগুনা থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে।

খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:

১. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে;
২. সরবরাহকারী প্রতিষ্ঠানের এককালীণ কমপক্ষে ০৫ লক্ষ টাকার পণ্য সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে;
৩. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের/১৫ দিনের ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
৪. দরপত্রের সাথে সরবরাহ কাজের অভিজ্ঞতার প্রমাণক জিসেবে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;
৫. দরপত্রের বৈধতার সমসীমা ও ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য আবেদনপত্রে উল্লেখ থাকতে হবে;
৬. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা, মোবাইল ফোন নম্বর: ০১৭১১ ৩২২৩১৪ এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;
৭. Annex. 1.1: Application Form এবং Annex. 1.2: Price Quotation Form প্রতিষ্ঠানের অফিসিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরপত্র দাখিল করতে হবে;
৮. আবেদন পত্র এবং দরপত্র সকল সংযুক্তির প্রতিটি পৃষ্ঠায় প্রতিষ্ঠানের মালিক বা প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকা আবশ্যিক;
৯. দরপত্রে চাহিদেয় পণ্যের ব্রান্ড উল্লেখ থাকতে হবে;
১০. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কতৃপক্ষ রেজিস্টারভুক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন;
১১. জমাদানের তারিখ ও সময় শেষ হলে জাগোনারীর ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

গ. দরপত্র মূল্যায়ন ও ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনের পদ্ধতি:

১. নিম্নলিখিত বিবরণ অনুযায়ী স্কেরিং পদ্ধতি অনুসারে দরপত্র মূল্যায়ন করা হবে;

স্কেরিং এর মানদণ্ড	নম্বর	মন্তব্য
দর	৩০	আর্থিক
লিগ্যাল ডকুমেন্টস (ট্রেডলাইসেন্স ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট)	২০	টেকনিক্যাল
অভিজ্ঞতা (ঠিকাদারী কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ)	২০	টেকনিক্যাল
আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে)	১০	টেকনিক্যাল
চাহিদেয় পণ্যের ব্রান্ড ভ্যালু	২০	টেকনিক্যাল
মোট	১০০	

২. টেকনিক্যাল মূল্যায়নে বেশী স্কোরপ্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে সবচেয়ে কম দরদাতা প্রতিষ্ঠান চূড়ান্তভাবে নির্বাচিত হবে। উল্লেখ্য যে, অগ্রহণযোগ্য পণ্য সরবরাহ করার জন্য দর কম দিলে তা গ্রহণযোগ্য হবে না।
৩. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

ঘ. পণ্য সরবরাহের লোকেশন ও নিয়মাবলী:

- সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় নিম্নলিখিত ঠিকানায় চাহিদেয় পণ্য পৌঁছে দিবেন: **জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা।**
- সরবরাহকারী প্রতিষ্ঠান ক্রয়দেশে উল্লেখিত তারিখের মধ্যে চাহিদেয় পণ্য সরবরাহ করতে না পারলে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে;

ঙ. বিল পরিশোধ পদ্ধতি:

- নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে কার্যক্রম সম্পাদনের পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;
- মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

চ. আবশ্যিকীয় শর্তাবলী:

- কোনরূপ ত্রুটিপূর্ণ পণ্য গ্রহন করা হবে না। এক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ণ পণ্য পূর্ণ:সরবরাহ করবেন।

ছ. বিশেষ বার্তাসমূহ:

- জাগোনারী কোন কারণ দর্শানো ব্যতীত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষন করে;
- জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশয় দেয় না;
- নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগাডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশ উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;
- কোনরূপ তদবির/ প্রভাবিত করার প্রচেষ্টা গ্রহনযোগ্য নয়;

জ. সংযুক্তি:

- Annex. 1.1 - Application Form
- Annex. 1.2 - Price Quotations Form

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।